CAREERINDIA

Civil Services (Main) Examination, 2024

PHKM–U–BNG

# বাংলা

প্রশ্নপত্র—I

( সাহিত্য )

নির্ধারিত সময় : 3 ঘণ্টা

পূর্ণাঙ্ক : 250

## প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট আটটি (8) প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রথম (1) এবং পঞ্চম (5) প্রশ্ন দুটি আবশ্যিক। দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে অবশিষ্ট তিনটি (3) প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্যাঙ্ক দেওয়া হয়েছে।

উত্তরগুলি বাংলা (বাংলা লিপি) অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করতে হলে সেটি স্পষ্টভাবে কেটে দেবেন। নাহলে সেটি অসম্পূর্ণ থাকলেও পরীক্ষা করা হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার যে অংশ খালি থাকবে তা পরিষ্কারভাবে কেটে দেবেন।

# BENGALI

PAPER—I

( LITERATURE )

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

## QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. 1 and 5 are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

*(a)* ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের বিভিন্ন শাখার নাম লিখুন। এদের মধ্যে ইন্দো-ইরানীয় শাখার বিস্তৃত পরিচয় দিন। 5+5=10

*(b)* মধ্যযুগীয় বাংলা ভাষার সময়সীমা নির্দেশ করে এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ বিশদ করুন। 3+7=10

*(c)* বাংলা ভাষায় উপভাষার গুরুত্ব আলোচনা প্রসঙ্গে বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্য উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন। 5+5=10

*(d)* বাংলা শব্দভাণ্ডারের প্রধান উপাদান কী কী? এদের মধ্যে মৌলিক শব্দের গুরুত্ব দৃষ্টান্ত দিয়ে পর্যালোচনা করুন। 2+8=10

*(e)* বাংলা ভাষায় সাধু ও চলিত রীতির পার্থক্য আলোচনা করুন। 10

**2.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* বাংলা বানান-সমস্যা সমাধানে প্রাতিষ্ঠানিক উদ্যোগে যে বাংলা বানান-অভিধান প্রস্তুত করা হয়েছে তার কার্যকারিতা সম্পর্কে আপনার অভিমত দৃষ্টান্তসহ উল্লেখ করুন। 15

*(b)* বাংলা ভাষার বর্ণমালা যেহেতু বহু শতাব্দী ধরে ধাপে-ধাপে বিবর্তিত হয়েছে, রোমীয় বর্ণমালা এর উপর আরোপ করা অযৌক্তিক। এই অভিমত সম্পর্কে আপনার বক্তব্য উপস্থাপিত করুন। 15

*(c)* আদি-মধ্য-অন্ত্য স্বরাগম, অপিনিহিতি ও মূর্ধন্যীভবনের মধ্য দিয়ে যেভাবে ধ্বনি-পরিবর্তন বাংলা ভাষায় ঘটে থাকে তা দৃষ্টান্ত দিয়ে পর্যালোচনা করুন। 20

**3.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* প্রাচীন বাংলা ভাষার সময়সীমা নির্দেশ করুন। এর ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি পর্যালোচনা করুন। 2+9+9=20

*(b)* কারকের সঙ্গে বিভক্তির সম্পর্ক বুঝিয়ে দিন। দৃষ্টান্ত দিয়ে কারক ও বিভক্তির গুরুত্ব এবং কার্যকারিতা স্পষ্ট করুন। 5+10=15

*(c)* বাংলা স্বরধ্বনির বৈচিত্র্য তাদের উচ্চারণস্থান অনুযায়ী বিশদ করুন। 15

4. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) বাংলা ভাষায় আগন্তুক শব্দ কত ধরনের রয়েছে তা দৃষ্টান্ত দিয়ে স্পষ্ট করুন। 15

(b) প্রাকৃত ও অপভ্রংশ ভাষার সঙ্গে বাংলা ভাষার নিবিড় সম্পর্ক বিষয়ে আপনার অভিমত যুক্তিসহ উপস্থাপিত করুন। 20

(c) বরেন্দ্রী উপভাষার বৈশিষ্ট্য উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন। 15

## SECTION—B

5. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) প্রচীন বাংলা সাহিত্যের কালসীমা নির্দেশ করুন। সেই সময়কার সাহিত্যে বাংলার দৈনন্দিন জীবন ও সংস্কৃতির যে পরিচয় ব্যক্ত হয়েছে তা আলোচনা করুন। 2+8=10

(b) মধ্যযুগীয় বাংলা সাহিত্যকে যে দুটি পর্বে বিন্যস্ত করা হয় তাদের প্রধান বৈশিষ্ট্য বিশ্লেষণ করুন। 10

(c) চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদাবলী সাহিত্যের প্রধান কবিদের অবদান পর্যালোচনা করুন। 10

(d) বাংলা অনুবাদ-সাহিত্য মধ্যযুগে কীভাবে বিকশিত হয়েছিল তার পরিচয় দিন। 10

(e) উনিশ শতকের নবজাগরণই বাংলা সাহিত্যে আধুনিকতার সূত্রপাত করেছে—এই মন্তব্যটি আলোচনা করুন। 10

6. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) মঙ্গলকাব্যকে বাংলার পুরাণ বলে অভিহিত করা কতখানি যুক্তিসঙ্গত তা বিশদভাবে বিচার করুন। 20

(b) চৈতন্য-জীবনী কাব্যধারায় 'চৈতন্যচরিতামৃত' ও 'চৈতন্যভাগবত'-এর গুরুত্ব তুলনামূলক আলোচনার সাহায্যে স্পষ্ট করুন। 15

(c) কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গলকাব্যে প্রাক্-আধুনিক চেতনা থেকে আধুনিক জীবনবোধে উত্তরণের পূর্বাভাস কেউ কেউ লক্ষ করেছেন। এ বিষয়ে আপনার যুক্তিগ্রাহ্য অভিমত দিন। 15

7. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) উনিশ শতকের বাংলা মহাকাব্যগুলির সাহিত্যিক গুরুত্ব বিশ্লেষণ করুন। 15

(b) বাংলা গদ্যের বিকাশে রামমোহন ও বিদ্যাসাগরের অবদান পর্যালোচনা করুন। 15

(c) বাংলা উপন্যাস-সাহিত্যে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের গুরুত্ব আখ্যানের নতুন ধরন নির্মাণেই বেশি স্পষ্ট হয়েছে। এই মন্তব্য সম্পর্কে আপনার যুক্তিগ্রাহ্য অভিমত উপস্থাপিত করুন। 20

8. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) রবীন্দ্রনাথের তত্ত্বাশ্রয়ী নাটকগুলির তাৎপর্য কেন কালাতিযায়ী তা বিশদভাবে আলোচনা করুন। 20

(b) বুদ্ধদেব বসু এবং তাঁর সমসাময়িক কবিদের অবদানেই বাংলা কবিতায় যথার্থ আধুনিকতা প্রতিষ্ঠিত হয়েছিল। এই মন্তব্য বিশ্লেষণ করুন। 15

(c) আশাপূর্ণা দেবীর উপন্যাসে নারীচেতনার অভিব্যক্তি কীভাবে পরিস্ফুট হয়েছে তা পর্যালোচনা করুন। 15

★★★